



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



ME-16673

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১০২৯৪৪১/ পিরোজপুর ২০/২০৮৩৭

তারিখ: ২৫.০৬.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার সদর উপজেলাধীন পিরোজপুর নেছারিয়া মাহমুদিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত) গভার্ণিং বডি'র বর্তমান সভাপতি এ. মুনছুর আহমেদের বিরুদ্ধে অভিযোগ দাখিল করেন। অভিযোগপত্র পর্যালোচনা করে দেখা যায় মাদ্রাসার অধ্যক্ষ জনাব মুহাম্মদ রুহুল আমীন ৫ দিনের নৈমিত্তিক ছুটি ও ৬ দিনের মেডিকেল ছুটি মঞ্জুরের জন্য এডহক কমিটির সভাপতি এ. মুনছুর আহমেদের কাছে আবেদন করেন। জনাব এ. মুনছুর আহমেদ ছুটি মঞ্জুর না করে অন্যায় ভাবে এডহক কমিটির তিনজন সদস্যের গোপন সভার মাধ্যমে গত ১৪-০২-২০১০ ইং তারিখে অধ্যক্ষ জনাব মুহাম্মদ রুহুল আমীনকে সাময়িক বরখাস্ত করেন। পরবর্তীতে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে বিধি বহির্ভূতভাবে জুনিয়র শিক্ষক জনাব মুহাম্মদ আবুল কালামকে (প্রভাষক, ইসলামের ইতিহাস) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব দেন। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাপতি জনাব এ. মুনছুর আহমেদকে কিভাবে জুনিয়র শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব দেয়া হয়েছে মর্মে উল্লেখ পূর্বক কারন দর্শানো হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অভিযোগে উল্লেখিত বরখাস্তকৃত অধ্যক্ষকে দায়িত্ব অর্পন করার জন্য গভার্ণিং বডি'র সভাপতিকে পত্র দেয়া হলেও তা বাস্তবায়ন করা হয়নি। এমনকি অধ্যক্ষের বেতন-ভাতা পরিশোধের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর পত্রকেও আমলে নেয়া হয়নি মর্মে উল্লেখ করা হয়।

এমতাবস্থায় বর্ণিত বিষয়ে সরেজমিন তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ সার্বিক বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক ( ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২০.০৬.১৯

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার  
সদর, পিরোজপুর।


  
২৪/৬/১৯

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১০২৯৪৪১/ পিরোজপুর ২০/২০৮৩৭

তারিখ: ২৫.০৬.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
২. মুহাম্মদ রুহুল আমীন, ডাকঘর-পিরোজপুর সদর, সদর, পিরোজপুর।
৩. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।

  
মোঃ মাজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

